শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৫.০৩৫.২০১৬-৯৮

তারিখ: ২৬ মাঘ ১৪২৭ / ০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-৭৯, তারিখ: ০৭/০২/২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত পত্রটি এতদ্‌সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২ (দুই) পৃষ্ঠা।

০৭/02/2021

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
----------------------------------।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল), ---------------------।
২। জেলা প্রশাসক (সকল),---------------------------।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), --------------------।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৭. ২০১৮- ৯৭৬

তারিখঃ ২৪মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ০১/০২/২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১১.২৭.১৩২.১৮.৭৯ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৭/০২/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৮। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

A/O
০৭/০২/২১

উপজেলা-২ শাখা
ডায়েরী নং......
তারিখ......০৭/০২/২১
সিঃ সহকারী সচিব/উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১১.২৭.১৩২.১৮.৭৯

তারিখ: ১৮ মাঘ ১৪২৭
০১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে সরকারের Rules of Business, 1996-এর Schedule-I অর্থাৎ Allocation of Business among the different Ministries and Divisions অনুযায়ী উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ প্রশাসন সম্পর্কিত বিষয়াদি মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে সাধারণ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে নিষ্পত্তির দায়িত্ব মন্ত্রিপরিষদ বিভাগের ওপর ন্যস্ত। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ২৬ মে ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১১.২৭.১৫৬.১৫-৩৪৬ নম্বর স্মারকে একটি পরিপত্র জারি করা হয়।

০২। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো ক্ষেত্রে উল্লিখিত পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। কিছু ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তির জন্য মাঠ পর্যায় হতে প্রাথমিক প্রতিবেদন/মতামত সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সে অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় অভিযোগ নিষ্পত্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানায়। এতে অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অহেতুক সময় ক্ষেপণ হয়। তাছাড়া, কোনো কোনো ক্ষেত্রে তদন্ত প্রতিবেদন পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ না হওয়ার কারণেও সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ঘটে।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রেক্ষাপটে উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে সাধারণ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ দ্রুততার সঙ্গে ও যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২৬ মে ২০১৫ তারিখে ০৪.০০.০০০০.৫১১.২৭.১৫৬.১৫-৩৪৬ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রটি যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পৃষ্ঠা।

প্রশাসন-১/২/জেপ/স ও কা
নম্বর.......... তারিখ..........
যুগ্মসচিব (প্রঃ)

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ ২/২/২১
স্বাক্ষর

১-২-২০২১
মো: ছাইফুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫১৪৮৮৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: fac_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১১.২৭.১৩২.১৮.৭৯/১(২)

তারিখ: ১৮ মাঘ ১৪২৭
০১ ফেব্রুয়ারি ২০২১

ডায়েরি নং ২৪০
তারিখ ০২/০২/২১
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)
উপসচিব (প্রশাসন-১)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১১.২৭.১৫৬.১৫-৩৪৬

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২২
২৬ মে ২০১৫

# পরিপত্র

**বিষয়: মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তির পদ্ধতি।**

সরকারের Rules of Business, 1996-এর Schedule-I অর্থাৎ Allocation of Business among the different Ministries and Divisions অনুযায়ী উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ প্রশাসন সম্পর্কিত বিষয়াদি মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে সাধারণ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে নিষ্পত্তির দায়িত্ব মন্ত্রিপরিষদ বিভাগের ওপর ন্যস্ত। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে এ সকল কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তির জন্য মাঠ পর্যায় হতে প্রাথমিক প্রতিবেদন/মতামত সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সে অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় অভিযোগ নিষ্পত্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানায়। এতে অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অহেতুক সময় ক্ষেপণ হয়। তাছাড়া, কোন কোন ক্ষেত্রে তদন্ত প্রতিবেদন পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ না হওয়ার কারণেও সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ঘটে।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে সাধারণ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ দ্রুততার সঙ্গে ও যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোল্লিখিত পদ্ধতি অনুসরণের জন্য অনুরোধ করা হল:

(ক) মাঠ প্রশাসনে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয়ে কোন অভিযোগ পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয় তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;

(খ) আনীত অভিযোগের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের মতামতের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) সুষ্ঠ তদন্তের স্বার্থে অভিযোগকারীসহ সংশ্লিষ্ট সকলকে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক নোটিশ দিতে হবে;

(ঘ) তদন্ত-কার্যক্রম নৈর্ব্যক্তিক ও বস্তুনিষ্ঠ এবং তদন্ত প্রতিবেদন পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ হতে হবে। তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত থাকতে হবে;

(ঙ) প্রাথমিক তদন্তের প্রতিবেদন প্রাসঙ্গিক তথ্যাদিসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। তদন্ত প্রতিবেদনের সঙ্গে জেলা প্রশাসকের সুস্পষ্ট মতামত পাঠাতে হবে;

(চ) বিভাগীয় কমিশনারের মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসকের প্রতি নির্দেশনা থাকলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক তদন্ত প্রতিবেদন বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করবেন;

(ছ) বিভাগীয় কমিশনার তাঁর মতামতসহ তদন্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন;

(জ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত সম্পন্ন করতে হবে; এবং

(ঝ) নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত সম্পন্ন করা সম্ভব না হলে যৌক্তিক কারণ উল্লেখপূর্বক সময় বৃদ্ধির জন্য যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানাতে হবে।

০৩। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৯-১১-২০০১ তারিখের সিডি/ডিএ-৩/৫(২৩)/৯২(অংশ-২)-৪৫৫ সংখ্যক স্মারক এতদ্দ্বারা বাতিল করা হল।

(মো: মাকছুদুর রহমান পাটওয়ারী)
পরিচিতি নম্বর-৪৫০৮
অতিরিক্ত সচিব, জেমাপ্র অনুবিভাগ
ফোন: ৯৫৭৩৮৩৩
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ই-মেইল: addl_dfa@cabinet.gov.bd

H:\ \letter-U.doc

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য